

নতুন রুটে ভেনিস সিম্পলন-ওরিয়েন্ট-এক্সপ্রেস

- A Monitor Desk Report

Date: 13 February, 2024



ওরিয়েন্ট এক্সপ্রেস শুনলেই কারো কারো গা শিরশির করে ওঠে। এর কারণ আগাথা ক্রিস্টির লেখা চিরায়ত মার্ভার মিস্ট্রি। অবশ্য ভেনিস সিম্পলন-ওরিয়েন্ট-এক্সপ্রেস সে ট্রেনের অংশ নয়। তবে এটি বর্তমান সময়ের সবচেয়ে বিলাসবহুল ট্রেন সার্ভিসগুলোর একটি।

চলতি বছর ভেনিস সিম্পলন-ওরিয়েন্ট-এক্সপ্রেসে যুক্ত হচ্ছে নতুন গন্তব্য। জুনে ট্রেনটির দীর্ঘ ও মর্যাদাপূর্ণ ইতিহাসে প্রথমবারের মতো যোগ হবে ইতালির লিগুরিয়ান উপকূল। ৪০ বছরের ইতিহাসে প্রথমবার এ রুটে হাইসেল বাজিয়ে এগিয়ে যাবে ভেনিস সিম্পলন-ওরিয়েন্ট-এক্সপ্রেস। এর মাধ্যমে দুই আইকনিক ডেস্টিনেশন প্যারিস ও পোর্টোফিনোর মধ্যে যোগাযোগ স্থাপিত হবে।

রাতের বেলায় ফরাসি ও ইতালির গ্রামীণ সৌন্দর্য এ ভ্রমণের প্রধান আকর্ষণ। ট্রেনে তো বিলাসবহুল ব্যবস্থা থাকবে, পাশাপাশি পোর্টোফিনোর বেলমন্ড হোটলে দুই রাত কাটানোর প্যাকেজ রয়েছে। আর এ পথে খরচ হবে ৮ হাজার ৫০০ ডলার। এ পরিষেবার সঙ্গে আদি ওরিয়েন্ট এক্সপ্রেসের সম্পর্ক যে একদম নেই, তা নয়।

ফ্রান্স, জার্মানি ও অস্ট্রিয়ার পথে চলা আদি ওরিয়েন্ট এক্সপ্রেসের দুটি বগি ১৯৭৭ সালে নিলামে কিনে নেন যুক্তরাষ্ট্রের কেনটাকির জেমস শেরউড। এর পাঁচ বছর পর ১৯৮২ সালে তিনি চালু করেন ভেনিস সিম্পলন-ওরিয়েন্ট-এক্সপ্রেস। ট্রেনটিতে ৩৫টি স্লিপার, রেস্টোরাঁ ও পুলম্যান ক্যারেজ যুক্ত করতে শেরউড ১ কোটি ৬০ লাখ ডলার খরচ করেন। এর প্রথম গন্তব্য ছিল লন্ডন থেকে ভেনিস। এরপর সময়ে সময়ে বদলে গেছে বগি, সাজসজ্জা থেকে গন্তব্য।

-B